



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ২৮/১২/২০১৯খ্রিঃ

## শান্তিপূর্ণ পরিবেশে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সম্পন্ন দ্বিতীয় দিনে 'ক' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত

সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা। ২৮ ডিসেম্বর সকাল ১১ টা থেকে দুপুর ১২.৩০টা পর্যন্ত বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ নগরীর ১২ টি কেন্দ্রে 'ক' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়। চলতি বছরের ভর্তি পরীক্ষায় 'ক' ইউনিটে শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৫০.৯৩%। 'ক' ইউনিটে ৫৮০ টি আসনের বিপরীতে ২০,৫৬৭ জন শিক্ষার্থী আবেদন করেছিলেন। পরীক্ষা চলাকালীন সময়ে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় উপাচার্য মহোদয়ের সাথে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য, শিক্ষকমন্ডলীসহ অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য গত ২৭ ডিসেম্বর ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের 'খ' ও 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় সমগ্র বরিশালবাসীসহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এসময় তিনি আশা প্রকাশ করেন সকলের সম্মিলিত সহযোগিতা অব্যহত থাকলে শিক্ষা, গবেষণা, সাংস্কৃতিক কর্মকাণ্ড এবং অন্যান্য সহশিক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয় অচিরেই একটি আন্তর্জাতিকমানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস